

HISH 2ND SEM

PAPER 3

গুপ্ত যুগের সেচ ব্যবস্থা: গুপ্ত যুগের কৃষি কাজ ছিল বৃষ্টিনির্ভর। তাই এই যুগে বৃষ্টির জল কে বিজ্ঞানসম্মত ভাবে ধরে রাখার চেষ্টা করা হতো। গুপ্তযুগের বৃহদাকার জলাধার নির্মাণ সরকারি উদ্যোগে হত। স্কন্দ গুপ্তের জুনাগর শিলালিপি থেকে জানা যায় যে মৌর্য আমলে নির্মিত সুদর্শন ক্ষতিগ্রস্ত হলে স্থানীয় প্রশাসন পুনর্নির্মাণ করেন জল সেচের জন্য পুকুর খনন করা হতো।

গুপ্ত যুগের মেয়েদের অবস্থা; গুপ্ত যুগে মেয়েদের মর্যাদা যথেষ্ট পরিমাণে খর্ব হয় এবং তাদের উপর বিধিনিষেধ আরোপ হয়। এই যুগে বাল্যবিবাহ সতীদাহ গণিকাবৃত্তি প্রসার ঘটে এবং দেবদাসী সংখ্যা বৃদ্ধি পায় তারা সম্পত্তির অধিকার থেকে বঞ্চিত হন এবং বিধবাদের অবস্থা সঙ্গীন হয়ে পড়ে এ সম্বন্ধে উচ্চ পরিবারের বহু নারী বিদ্যা চর্চা করতেন এবং কয়েকজন নারী শাসনকার্য পরিচালনা করতেন।

গুপ্ত যুগকে হিন্দুধর্মের পুনরুত্থানের যুগ বলা হয়:অনেকে গুপ্ত যুগের হিন্দু ধর্মের পুনরুত্থানের যুগ বলে চিহ্নিত করলেও তা সঠিক নয় হিন্দু ধর্ম বৌদ্ধ যুগে সাময়িকভাবে স্থিমিত হয়ে পড়লেও কখনোই তা বিলুপ্ত হয়নি গুপ্ত যুগের বহু পূর্বেই তার অগ্রগতির সূচনা হয়। প্রাচীন বৈদিক ধর্ম এই যুগে নানাভাবে পরিবর্তিত হয়। পূজার নতুন নিয়ম কানুন ও পদ্ধতি রচিত হয় তাই এই যুগ হিন্দুধর্মের পুনর্গঠন এর যুগ।